DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 21 Nov 2026, 05:50 PM

সারাদেশ

বিজিবির ৯ মাসের অভিযানে ৯৩১ কোটি টাকার মাদক-চোরাই পণ্য জব্দ

প্রতিবেদক: মোঃ শরীফ উদ্দিন, সুনামগঞ্জ
প্রকাশের তারিখ: বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২৬, ০৫:২১ PM



সীমান্তে মাদক ও চোরাচালানবিরোধী অভিযানে গত নয় মাসে প্রায় ৯৩১ কোটি টাকা মূল্যের মাদকদ্রব্য ও বিভিন্ন ধরনের চোরাই পণ্য জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সরাইল রিজিয়ন। বুধবার (৩০ সেপ্টেম্বর) দুপুরে সরাইল রিজিয়নের ১৩টি ব্যাটালিয়নের পক্ষ থেকে দেওয়া এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজিবি জানায়, সরাইল রিজিয়নের দায়িত্বপূর্ণ ১ হাজার ২০৪ কিলোমিটার সীমান্ত এলাকায় থাকা ২১১টি বর্ডার অবজারভেশন পোস্টের (বিওপি) মাধ্যমে গত নয় মাসে বিভিন্ন সময়ে এসব অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ১১টি পিস্তল, সাতটি এয়ারগান, পাঁচটি পাইপগান, ৬২ রাউন্ড কার্তুজ, ১৯ কেজি উচ্চ বিস্ফোরক, ১১৭টি ডেটোনেটর এবং ৩০ মিটার ডেটোনেটর তার জব্দ করা হয়েছে।

এ ছাড়া ৩ লাখ ১২ হাজার ৯০০ পিস ইয়াবা, ১৩ হাজার ৮০০ কেজি গাঁজা, বিদেশি মদ, বিয়ার, ফেনসিডিল ও যৌন উত্তেজক ট্যাবলেটসহ বিপুল পরিমাণ মাদকদ্রব্য জব্দ করা হয়। বিজিবির তথ্যমতে, এসব অভিযানে মাদক ও চোরাচালানসহ বিভিন্ন অপরাধে জড়িত ৩০৫ জনকে

আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইনে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, সীমান্ত সুরক্ষা ও মাদক-চোরাচালান প্রতিরোধের পাশাপাশি প্রাকৃতিক সম্পদ রক্ষা এবং অবৈধভাবে বালু-পাথর উত্তোলন বন্ধেও সরাইল রিজিয়নের আওতাধীন ১৩টি ব্যাটালিয়নের সদস্যরা নিয়মিত অভিযান পরিচালনা করছেন।

এ বিভাগের আরও খবর



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ
টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস
ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০

বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/bijbir-9-maser-obhijane-931-koti-takar-madk-chorai-pnj-jbd